


# DIRECTORS' REPORT

## TO THE SHAREHOLDERS FOR THE YEAR ENDED DECEMBER 31, 2011

Assalmu-alaykum and very good morning.

The Board of Directors of Summit Alliance Port Limited (SAPL) welcomes you all to the 08th Annual General Meeting of the company. We are pleased to submit before you the operational activities and audited financial statements of the company for the year that ended on December 31, 2011.

The Directors' Report is prepared in compliance with section 184 of the Companies Act 1994, Securities & Exchange Commission's notification no- SEC/CMRRCD/2006-158/ Admin/02-08 dated 20th February 2006 and other applicable laws and regulations.

## Business Activities

Established in December 2003 the Company is located on around 30 acres of free hold land in Patenga Industrial Area on International Airport Road Chittagong. The principal activity of the Company is to provide Off-Dock services as Inland Container Depot with facility for Empty Container Storage and Container Freight Station for handling of both Import and Export Cargo. The Company has two subsidiaries whose profile, in brief, is as under:

**Ocean Containers Limited (OCL)**, a leading Land Container Port in the private sector of the Country and located at Patenga Industrial Area of Chittagong on the International Airport road, is only 6 km from the country's largest seaport, Chittagong Port. Established in 1987, the Company has around 15 Acres of Custom bonded free hold land and the principal activity of the Company is to provide Off-Dock services as Inland Container Depot (ICD) with facilities for Empty Container Storage and Container Freight Station (CFS) for stuffing of Export cargo and transportation of the same to the Chittagong Port yard for shipment as well as for unstuffing of import cargo on behalf of its clients. OCL is the first company in Bangladesh to have the ISO certification (ISO 9001: 2000 Quality Management Certified) for ICD which has subsequently been updated to ISO 9001:2008 for all activities as Off-Dock. OCL is also the first Off-Dock in Bangladesh to have the certification from Global Security Verification (GSV) which is the leading international network for supporting the development and implementation of measures for enhancing global supply chain security. This

আস্‌সালামুআলাইকুম ও শুভ সকাল,

সামিট এল্যায়েন্স পোর্ট লিমিটেড (এসএপিএল) এর ৮তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষে আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি। অত্যন্ত আনন্দের সাথে আমরা আপনাদের সামনে ৩১ শে ডিসেম্বর ২০১১ তারিখে সমাপ্ত বছরের কোম্পানী পরিচালনা কার্যক্রম, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন করছি।

পরিচালনা পর্ষদের প্রতিবেদন প্রনয়নের ক্ষেত্রে ১৯৯৪ সালের কোম্পানী আইনের ১৮৪ ধারা এবং ২০শে ফেব্রুয়ারী, ২০০৬ইং তারিখে প্রকাশিত সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি / সিএমআরআরসিডি/২০০৬ - ১৫৮/ এডমিন / ০২-০৮, অনুসরন করা হয়েছে।

## কোম্পানী প্রতিষ্ঠা ও ব্যবসায়িক কার্যক্রম:

সামিট এল্যায়েন্স পোর্ট লিমিটেড (এসএপিএল) চট্টগ্রাম বিমান বন্দর সড়কের নিকটবর্তী পতেঙ্গা শিল্পাঞ্চলে ৩০ একরের মতো কাস্টম্‌স বন্ডেড এলাকা জুড়ে ২০০৩ সালে প্রতিষ্ঠিত। অত্র কোম্পানীর প্রধান কার্যাবলীগুলো হলো -(১) গ্রাহকের পক্ষে খালি কন্টেইনার মজুতকরণ (আইসিডি), (২) রপ্তানিকৃত পন্য কন্টেইনারে স্টাফিং করণ (সিএফএস) পূর্বক জাহাজীকরণের উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দরে প্রেরণ এবং (৩) আমদানীকৃত পন্য আনস্টাফিং পূর্বক সংশ্লিষ্ট আমদানীকারকের বরাবরে ডেলিভারী প্রদান। এই কোম্পানীর অধীনে দুটি সাবসিডিয়ারী কোম্পানী আছে,যাদের তথ্যাবলী নিম্নে বর্ণিত হলোঃ

**ওশান কন্টেইনারস লি:** (ওসিএল) চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে মাত্র ৬ কিঃ মিঃ দূরত্বে চট্টগ্রাম বিমান বন্দরের অভ্যন্তরীণ সড়কের পাশে অবস্থিত ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত প্রাইভেট সেক্টরের একটি নেতৃত্বস্থানীয় স্থল কন্টেইনার বন্দর, যার ১৫ একরের মতো কাষ্টম বন্ডেড আয়তন। এর প্রধান কাজ হচ্ছে উপরে বর্ণিত সামিট এল্যায়েন্স পোর্ট লিমিটেড (এসএপিএল) এর কার্যাবলীর অনুরুপ। ইহা বাংলাদেশের সর্ব প্রথম আইসিডি কার্যক্রমের ক্ষেত্রে আইএসও (৯০০১:২০০০) (কোয়ালিটি ম্যানেজমেন্ট সার্টিফাইড) সনদপ্রাপ্ত কোম্পানী। পরবর্তীতে আইসিডি ছাড়াও অন্যান্য সকলক্ষেত্রের জন্য উক্ত সনদমান আইএসও ৯০০১:২০০৮ এ উন্নীত হয়। ওসিএল ই বাংলাদেশের সর্বপ্রথম গ্লোবাল সিকিউরিটিজ (জিএসভি) সার্টিফিকেট পাওয়ার গৌরব অর্জন করে। যা গ্লোবাল সাপ্লাই চেইন সিকিউরিটি সমৃদ্ধকরণের শর্তাবলীর উন্নয়ন ও বাস্তবায়নে প্রধান আর্ন্তজাতিক নেটওয়ার্কের সাথে কাজ করে। এই সার্টিফিকেট থাকার অর্থ হচ্ছে ওসিএল তার সকল কার্যক্রমে আর্ন্তজাতিক মানের সিকিউরিটি নিশ্চিত করে যা ইউ এস কাষ্টমস এন্ড বর্ডার প্রোটেকশন কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশনা থেকে জানা যায়। ওসিএল



GSV certificate has established the fact that OCL has the appropriate security measures, as published by the US Bureau of Customs and Border Protection, in place and that these measures are implemented and maintained throughout the facility. OCL's valued clientele includes Maersk, APL, Hapag-Lloyd, Shipping Corporation of India, Yang Ming Line, China Shipping, Norasia, DSV, Danzas etc.

OCL was listed under provisions of Dhaka/Chittagong Stock Exchange (Direct Listing) Regulations, 2006 and its share is traded in both the bourses of the country effective from 4th March 2010.

**Cemcor Limited** is a Public Limited Company incorporated in Bangladesh under the Companies Act 1994. The Company

এর উল্লেখযোগ্য গ্রাহকগুলো হচ্ছে - মার্কস, এপিএল, হেপাগ-লয়েড, শিপিং কর্পোরেশন অব ইন্ডিয়া, ইয়াং মিং লাইন, নরোশিয়া, ডিএসভি, ড্যানজাস ইত্যাদি।

ওসিএল ঢাকা ও চট্টগ্রাম স্টক একচেঞ্জের ২০০৬ সালের বিধিমালা অনুসারে তালিকাভূক্ত (সরাসরি) হয়ে ২০১০ সালের ৪ঠা মার্চ থেকে দেশের দুটি হাউজেই উহার শেয়ার ক্রয়-বিক্রয় শুরু করে।

**সেমকর লিমিটেড** একটি পাবলিক লিমিটেড কোম্পানী যা কোম্পানী আইন ১৯৯৪ অনুসারে নিবন্ধিত হয়। অত্র কোম্পানী ওয়াহিদ স্পিনিং মিল্‌স লিমিটেড নামে অপর একটি কোম্পানীর প্রায় শতভাগ শেয়ার উহার প্রমোটর গণের নিকট থেকে ১৯শে সেপ্টেম্বর ১৯৯৯ইং তারিখে ক্রয়সুত্রে অধিগ্রহণ করে। ওয়াহিদ স্পিনিং মিল্‌স লিমিটেড একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী যা কোম্পানী আইন ১৯৯৪ অনুসারে

acquired100% shares of Wahid Spinning Mills Limited (WSML) from its promoters on 19th September 1999. WSML was incorporated in Bangladesh as private limited company on 6th September 1999 under the Companies' Act 1994. Neither Cemcor nor its subsidiary is operative. The two companies together own around 14 acres of Land on the bank of river Dhaleshwari in Mukterpur under Munshigonj district. SAPL acquired all but 6 shares of Cemcor's 1,758,300 shares on 24th August 2009 in order to build a River port and the work for development of the required facilities is in progress.

Consolidated financial statements as at and for the year ended on 31st December 2011 comprise of the Company and that of its subsidiaries.

Combined operating revenue of the company with its subsidiary for the year increased by 26.6% compared to year 2010. Main reason for the revenue increase is implementation of upward revised tariff for Import handling and Ground Rent for empty storage. Influx of new investors in the industry created more capacity compared to prevailing demand and resulted in unhealthy competition. However volume of container handling at the Chittagong Port is increasing by double digit year on year making it difficult for CPA to cope with. Government is therefore giving serious thought to release more import items to private Off-Dock in order to reduce pressure on the CPA. Besides, business projection of our valued clients who are world leaders as Main Line Operator and Freight Forwarder also reflect reasonable growth for 2012. All these growth prospects, in turn, give us the confidence to expect corresponding growth in our revenue and profitability in future years ahead.

### Financial Results

Consolidated net profit of the Company after Tax and minority interest amounted to Tk.173.5 million for the year under report as compared to Tk.1,114.7million of the year 2010. Profit for 2010 includes an amount of Tk. 991.9 million on account of capital gain on disposal of Company's investments. Based on net profit before Capital gain, Earnings per Share for the year under report stood at 1.42 compared to 1.27 of last year.

Directors of the Company would like to report the company's financial results for the year ended 31st December 2011 with the recommendations for appropriation as follows:

গঠিত হয়। সেমকর লিমিটেড ও ওয়াহিদ স্পিনিং মিল্স লিমিটেড উভয় কোম্পানীদ্বয়কে অপারেশনে নেওয়ার লক্ষ্যে পূর্ণউদ্যমে উন্নয়ন কার্যক্রম চালিয়ে নেয়া হচ্ছে। উভয় কোম্পানীর নিজস্ব মোট জমির পরিমাণ ১৪ একর যা মুন্সীগঞ্জ জেলায় মুক্তারপুরে ধলেশ্বরী নদীর তীরে অবস্থিত। এসএপিএল ২০০৯ সালের ২৪ শে আগষ্ট উহার সাবসিডিয়ারী সেমকর লিমিটেড এর ৬টি শেয়ার ব্যতীত সকল শেয়ার (১,৭৫৮,৩০০ শেয়ার) অধিগ্রহণ করে। উহাতে নদী বন্দর তৈরীর কার্যক্রম শুরু করা হয় যার উন্নয়ন কার্য পূর্ণউদ্যমে অব্যাহত রয়েছে।

কোম্পানীর ৩১শে ডিসেম্বর ২০১১ইং তারিখের কনসোলিডেটেড আর্থিক বিবরণীতে উহার সাবসিডিয়ারী কোম্পানীর আর্থিক বিবরণীও অন্তর্ভূক্ত করা হয়েছে।

আলোচ্য বছরে কোম্পানীর সম্মিলিত (Combined) পরিচালনা আয় বিগত অর্থ বছর ২০১০ এর তুলনায় ২৬.৬% বৃদ্ধি পেয়েছে। এর কারণ মূলত: আমদানী পন্যের হ্যান্ডলিং এবং খালি কন্টেইনারের মজুত ট্যারিফ বৃদ্ধি। এই সেক্টরে বর্তমানে আরো নতুন বিনিয়োগকারী আসাতে শিল্পের চাহিদার তুলনায় ক্যাপাসিটি অতিরিক্ত হওয়ার প্রেক্ষিতে অসুস্থ প্রতিযোগীতার আবির্ভাব হয়েছে। যাই হোক, চট্টগ্রাম বন্দরের কন্টেইনার হ্যান্ডলিং ভলিউম প্রতি বছর দুই ডিজিটের উপরে বৃদ্ধি পাচ্ছে যাহা বন্দরের পক্ষে সামাল দেওয়া কঠিন হয়ে পড়েছে। এমতাবস্থায় চাপ কমানোর লক্ষ্যে বন্দর কর্তৃপক্ষ আরো বেশ কিছু আমদানী পন্য প্রাইভেট সেক্টরে দেওয়ার বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করছে। এছাড়াও আমাদের বেশ কিছু বিশ্ববিখ্যাত মেইন লাইন অপারেটর (এমএলও) ও ফ্রেইট ফরোয়ার্ডাস রয়েছে যাহারা ২০১২ সালের জন্য তাদের ব্যবসার প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। এই সম্ভাবনার আলোকে, আমরা আশা করছি সামনের বছরেও আমাদের প্রত্যাশিত আয় এবং মুনাফা বৃদ্ধির ধারা অব্যাহত থাকবে।

### আর্থিক ফলাফল

কোম্পানীর ২০১১ইং অর্থ বছরে (সংখ্যালঘু শেয়ার হোল্ডারদের অংশ সহ) করপরবর্তী কনসোলিডেটেড মুনাফা হয়েছে ১৭৩.৫ মিলিয়ন টাকা। ২০১০ সালে অনুরূপ লাভের পরিমাণ ছিল ১১১৪.৭০ মিলিয়ন টাকা। তবে ২০১০ অর্থ বছরের মুনাফার মধ্যে মূলধন জাতীয় মুনাফার পরিমাণ ছিল ৯৯১.৯ মিলিয়ন টাকা যা কোম্পানীর স্বল্প মেয়াদী বিনিয়োগ থেকে অর্জিত হয়েছিল। আলোচ্য আর্থিক বছরে শেয়ার প্রতি কোম্পানীর লাভ হয়েছে ১.৪২ টাকা যা ২০১০ সালে ছিল ১.২৭ টাকা।

কোম্পানীর ৩১ শে ডিসেম্বর ২০১১ ইং তারিখের আর্থিক ফলাফলগুলো সুপারিশমালা সহ নিম্মে উপস্থাপন করা হলঃ

## Appropriation of Profit

| | Figure in thousand taka |
|---|---|
| | 2011 |
| Net Profit of SAPL after Tax and Tax-Holiday Reserve | 107,479 |
| Retained earnings of the Company as on 01-01-11 brought forward | 715,128 |
| Controlling interest in the Retained Earnings of Ocean Containers as on 31-12-11 | 70,641 |
| Loss of the non-operating subsidiary, Cemcor Limited | (2,803) |
| Consolidated Net Profit after Tax | 890,445 |
| Provision for Claim earlier made, written back considering not required | 69,372 |
| Balance available for Appropriation | 959,817 |
| Less: 45% Final Dividend for the year 2010 (25% Stock & 20% Cash) paid in 2011 | (435,112) |
| Retained Earnings per Statement of Financial Position as on 31-12-11 | 524,705 |
| Final Dividend proposed for the year 2011: | |
| • Cash dividend: 10% (2010: 50%) | 120,865 |
| • Stock Dividend:10% (2010: 25%) | 120,864 |
| Total Appropriation | 241,729 |
| Retained Earnings | 282,976 |

## Dividend

Your Board recommends 10 % Stock Dividend and 10 % Cash Dividend, subject to approval by the shareholders at the 08th Annual General Meeting.

## Directors

Directors' meeting & attendance

During the year ended December 31, 2011, the Board of Directors held 5 (Five) meetings. Name of the Directors and the number of meetings attended by each are given below:

## মুনাফা বন্টণঃ

| | (টাকা হাজারে) ২০১১ |
|---|---|
| ১। ট্যাক্স ও ট্যাক্স হলিডে রিজার্ভ বাদ দিয়ে এসএপিএল এর নীট মুনাফা | ১০৭,৪৭৯ |
| ২। ১লা জানুয়ারী ২০১১ সালের কোম্পানীর সংরক্ষিত আয়ের ইজা (BF) | ৭১৫,১২৮ |
| ৩। ওসিএল এর ৩১.১২.২০১০ সালের পুঞ্জিভূত আয়ের মধ্যে নিয়ন্ত্রনকারী স্বার্থ | ৭০,৬৪১ |
| ৪। সাবসিডিয়ারী কোম্পানী সেমকর লিঃ এর লোকসান (প্রকল্প উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে) | (২,৮০৩) |
| ৫। কর পরবর্তী কনসলিডেটেড নীট মুনাফা (সাবসিডারী সহ) | ৮৯০,৪৪৫ |
| ৬। দাবী পরিশোধের জন্য পূর্বের রক্ষিত সঞ্চিতির সমন্বয় সাধন (দাবী উপস্থাপন হয় নাই বিধায়) | ৬৯,৩৭২ |
| ৭। বন্টনযোগ্য মুনাফা | ৯৫৯,৮১৭ |
| ৮। ২০১০ সালের চুড়ান্ত লভ্যাংশ (৪৫%) পরিশোধ (২৫%স্টক এবং ২০% নগদ) | (৪৩৫,১১২) |
| ৯। ৩১শে ডিসেম্বর ২০১১ইং তারিখের আর্থিক বিবরণী অনুযায়ী পুঞ্জিভূত লাভ | ৫২৪,৭০৫ |
| ১০। ২০১১ সালের জন্য চুড়ান্ত লভ্যাংশ প্রদানের প্রস্তাবঃ | |
| * নগদ লভ্যাংশ ঃ ১০% (২০১০ঃ৫০%) | ১২০,৮৬৫ |
| * স্টক ডিভিডেন্ড ঃ ১০% (২০১০ঃ২৫%) | ১২০,৮৬৪ |
| মোট | ২৪১,৭২৯ |
| পুঞ্জিভূত লাভ | ২৮২,৯৭৬ |

## লভ্যাংশঃ

পরিচালক পর্ষদ ২০১১ অর্থবছরের জন্য ১০% স্টক লভ্যাংশ এবং ১০% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছেন যা ৮ম বার্ষিক সাধারণ সভায় শেয়ার হোল্ডারদের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

## পরিচালকবৃন্দ :

পরিচালকবৃন্দের সভা ও উপস্থিতি

চলতি ২০১১ অর্থবছরে পরিচালক পর্ষদের ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পরিচালকবৃন্দের উপস্থিতির বিবরণ নিম্নে প্রদান করা হলঃ

| Name of Directors | Attended |
|---|---|
| Mr. Muhammed Aziz Khan | 05 |
| Mrs. Anjuman Aziz Khan | 05 |
| Mr. Syed Ali Jowher Rizvi | 05 |
| Mrs. Sobera Ahmed Rizvi | 05 |
| Mr. Latif Khan | 05 |
| Ms. Ayesha Aziz Khan | 04 |
| Ms. Azeeza Aziz Khan | 03 |
| Appointed on 31st July 2011 to fill in casual vacancy caused due to resignation of Ms. Adeeba Aziz Khan who is on leave | |
| Mr. Faisal Karim Khan | 05 |
| Mr. Syed Yasser Haider Rizvi | 05 |
| Mr. Syed Nasser Haider Rizvi | 05 |
| Mr. Syed Fazlul Haque | 05 |
| Captain Asif Mahmood | 05 |

The Directors who could not attend the meetings were granted leave of absence.

| পরিচালকবৃন্দের নাম | উপস্থিতি |
|---|---|
| জনাব মোহাম্মদ আজিজ খান | ৫ |
| মিসেস আঞ্জুমান আজিজ খান | ৫ |
| জনাব সৈয়দ আলী জওহর রিজভী | ৫ |
| মিসেস সবেরা আহম্মেদ রিজভী | ৫ |
| জনাব লতিফ খান | ৫ |
| মিস আয়েশা আজিজ খান | ৪ |
| মিস আজিজা আজিজ খান | ৩ |
| *(মিস আদিবা আজিজ খানের ইস্তফার পরিপ্রেক্ষিতে সাময়িক শূন্যতা ৩১-০৭-২০১১ইং তারিখে পুরণ করা হয়েছে)* | |
| জনাব ফয়সাল করিম খান | ৫ |
| জনাব সৈয়দ ইয়াসের হায়দার রিজভী | ৫ |
| জনাব সৈয়দ নাসের হায়দার রিজভী | ৫ |
| জনাব সৈয়দ ফজলুল হক | ৫ |
| ক্যাপ্টেন আসিফ মাহমুদ | ৫ |

যে সকল পরিচালক বৃন্দ সভায় উপস্থিত হতে পারেননি তাহাদের অনুপস্থিতির ছুটি মঞ্জুর করা হয়েছে।





# 3260 SFT

**3,260 sft for specialized Garments on Hanger (GOH) Room**




SAPL
22-08-2008
25
TCM
TCM

## Audit Committee

Board in its meeting held on 14th March 2012 formed the Audit Committee with the Board members as under:

| | | |
|---|---|---|
| 1. Mr. Abdul-Muyeed Chowdhury | Independent Director | Chairman |
| 2. Mr.Syed Yasser Haider Rizvi | Director | Member |
| 3. Ms. Ayesha Aziz Khan | Director | Member |
| 4. Captain Asif Mahmood | Director | Member |

## Directors' Election & re-appointment

As per Article 42 of the Articles of Association Mr. Syed Ali Jowher Rizvi, Mrs. Anjuman Aziz Khan and Mr. Latif Khan shall retire in the 08th Annual General Meeting by rotation and being eligible, offer them for re-election.

Ms. Adeeba Aziz Khan, currently on sabbatical leave to pursue her PhD in Law in UK, has tendered her resignation from the position as Director of the Company's Board. Besides, in terms of SEC Notification No.SEC/CMRRCD/2009-193/Admin/35 dated 7th December 2011 read in conjunction with Notification No. SEC/SRMIC/95-299/384 dated 12th February 2012 both Mr. Syed Yasser Haider Rizvi and Mr. Syed Nasser Haider Rizvi resigned for not having qualified share of 2% of the Capital. Subsequently both Mr. Syed Yasser Haider Rizvi and Mr. Syed Nasser Haider Rizvi have been nominated by Alliance Holdings Limited in the Board exercising its authority stipulated in Article-38A of the Company's Articles of Association. In order to fill in the casual vacancies, the Board in exercise of its power vested in Article-41 of the Company's Articles of Association, appointed Ms. Azeeza Aziz Khan as Director of the Company in its meeting held on 31st July 2011 and Mr. Syed Yasser Haider Rizvi and Mr. Syed Nasser Haider Rizvi in the Board Meeting dated 14th March 2012. Ms. Azeeza Aziz Khan, Mr. Syed Yasser Haider Rizvi and Mr. Syed Nasser Haider Rizvi so appointed by the Board shall retire in the ensuing 08th AGM and being eligible offer them for election. Besides, Mr. Abdul-Muyeed Chowdhury, who was appointed as the Independent Director in the meeting dated 14th March 2012 shall also retire in the AGM and being eligible offer him for election.

## Auditors

Basu Banerjee Nath & Co, Chartered Accountants will retire after completing consecutive 3 years of service as Statutory

## অডিট কমিটি

নিম্নোক্ত বোর্ড সদস্যদের সমন্বয়ে বোর্ডের ১৪-০৩-১২ তারিখের সভায় অডিট কমিটি গঠিত হয়:

| | | |
|---|---|---|
| ১/ জনাব আব্দুল-মূয়ীদ চৌধুরী | ইন্ডিপেন্ডেন্ট | চেয়ারম্যান |
| ২/ জনাব সৈয়দ ইয়াসের হায়দার রিজভী | ডাইরেক্টর | মেম্বার |
| ৩/ মিস. আয়শা আজিজ খান | ডাইরেক্টর | মেম্বার |
| ৪/ ক্যাপ্টেন আসিফ মাহমুদ | ডাইরেক্টর | মেম্বার |

## পরিচালকবৃন্দের নির্বাচন ও পুনঃনিয়োগ

কোম্পানীর পরিমেল নিয়মাবলীর ৪২ নং অনুচ্ছেদ অনুযায়ী জনাব সৈয়দ আলী জওহার রিজভী,মিসেস আঞ্জুমান আজিজ খান এবং জনাব লতিফ খান ৮তম বার্ষিক সাধারণ সভায় পালাক্রমে অবসর গ্রহণ করবেন এবং পুণঃ নিয়োগের সুপারিশক্রমে পুনঃ নিয়োগের যোগ্য হবেন।

মিস আদিবা আজিজ খান,আইন বিষয়ে পিএইচ ডি করার জন্য বিশ্রাম জনিত ছুটি যাবার জন্য পরিচালকের পদে ইস্তফা প্রদান করেন। ইছাড়া এসইসি এর আদেশ নং-এসইসি/সিএম আর আরসি ডি/২০০৯-১৯৩/এডমিন/৩৫ তাং ০৭-১২-২০১১ এবং এসইসি/এস আর এম আই সি/৯৫-২৯৯/৩৮৪ তাং১২-০২-২০১২ মোতাবেক যোগ্যতা সূচক মোট মূলধনের ২% শেয়ারের অধিকারী না হওয়াতে জনাব সৈয়দ ইয়াসের হায়দার রিজভী ও জনাব সৈয়দ নাসের হায়দার রিজভী পরিচালকের পদ হতে ইস্তফা গ্রহণ করেন। পরবর্তীতে উক্ত পরিচালকগণ পরিমেল নিয়মাবলীর ৩৮ এ অনুচ্ছেদের আলোকে এ্যালায়েন্স হোল্ডিং এর মনোনীত পরিচালক হিসাবে পুনরায় নির্বাচিত হন। পরিচালক পদে সাময়িক শূণ্যতা পূরনের লক্ষ্যে কোম্পানীর পরিচালনা পর্ষদ ৩১-০৭-২০১১ ইং তারিখে অনুষ্ঠিত সভায় অনুচ্ছেদ ৪১ এর ক্ষমতাবলে মিস্ আজিজা আজিজ খানকে এবং ১৪-০৩-১২ ইং তারিখের অণুষ্ঠিত সভায় জনাব  সৈয়দ ইয়াসের হায়দার রিজভী ও জনাব সৈয়দ নাসের হায়দার রিজভীকে পরিচালক পদে নিয়োগ প্রদান করেন। বর্নিত এই তিন জন পরিচালক ৮তম বার্ষিক সাধারন সভায় ইস্তফা প্রদান করবেন এবং যোগ্য বিধায় পূন:নিয়োগের জন্য প্রস্তাবনা উপস্থাপন করবেন। এছাড়া জনাব আব্দুল মূয়ীদ চৌধুরী ও একই সভায় ইস্তফা প্রদান করবেন এবং যোগ্য বিধায় পূন:নিয়োগের জন্য প্রস্তাবনা উপস্থাপন করবেন, যিনি কিনা ১৪-০৩-১২ ইং তারিখের অণুষ্ঠিত পরিচালক পর্ষদের সভায় প্রতিষ্ঠানের ইন্ডিপেন্ডেন্ট ডাইরেক্টর হিসাবে নিয়োগ প্রাপ্ত হয়েছেন।

## নিরীক্ষক:

বসু ব্যানার্জী নাথ এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস পরপর তিন বছর কোম্পানীর বিধিবদ্ধ নিরীক্ষক হিসাবে কাজ করার পরিপ্রেক্ষিতে এসইসি

Auditors of the Company, and pursuant to SEC Order No.SEC/CMRRCD/2009-193/104/Admin dated 27th July 2011, will not be eligible for re-appointment for further terms. Your Board therefore recommended S F Ahmed & CO, Chartered Accountants for appointment as new Statutory Auditors of the Company for the year 2012 at a fee to be decided by the Shareholders in the forthcoming Annual General Meeting.

### Business Expansion

Established in December 2003, your company is the first Off-Dock company in the private sector that has gone public on 16th October 2008. The company commenced its commercial operation in February 2007 and your Board has been continuously striving to expand facilities and improve performance standard to accommodate the increased demand that arose from the confidence and trust our valued customers reposed on our high standard services. In order to accommodate the growing business volume, the Company has, around 26.0 acres of freehold land which

অর্ডার নং- এসইসি/সিএমআরসিডি/ ২০০৯-১৯৩/১০৪/ এডমিন তাং ২৭-০৭-২০১১ মোতাবেক পরবর্তী বছরের জন্য পুন: নিয়োগের যোগ্য হবেন না। তাই পরিচালনা পর্ষদ ৮ তম বার্ষিক সাধারণ সভায় শেয়ার হোল্ডারদের অনুমোদন সাপেক্ষে ২০১২ অর্থ বছরের জন্য মেসার্স এস এফ আহমদ এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস কে নিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদানের সুপারিশ করছে।

### ব্যবসা সম্প্রসারণ

অত্র কোম্পানী ২০০৩ সালের ডিসেম্বর মাসে প্রতিষ্ঠিত হয়। ইহাই বাংলাদেশের সর্বপ্রথম অফ-ডক কোম্পানী যার শেয়ার ১৬-১০-২০০৮ইং তারিখে শেয়ার বাজারে আসে। এই কোম্পানী ২০০৭ সালের ফেব্রুয়ারী মাসে ইহার বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। পরিচালনা পর্ষদ অবিরতভাবে কোম্পানীর সেবা প্রদান ক্ষমতা বৃদ্ধি এবং সেবার মান উন্নয়নের নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে যা মূল্যবান গ্রাহকদের বিশ্বাস এবং আস্থা বৃদ্ধিতে ভূমিকা পালন করে। ক্রমবর্ধমান ব্যবসার ভলিয়ম বৃদ্ধির পরিপ্রেক্ষিতে গ্রাহকদের চাহিদা মিটাতে কোম্পানী হালনাগাদ ২৬ একর নিস্কণ্ঠক জমি ক্রয় করে এবং



has been developed with Warehouse facility of 245,000sft and import shed of 19,500sft besides having other related facilities to provide necessary services to our valued clients, Viz, Kuehne+Nagel, APL Bangladesh Limited and so on.

## Business Risk & uncertainties

Off-Dock operation is highly dependent on the efficiency of handling exports and imports by Chittagong Port that generate from International trade of the Country. Therefore any disruption in Chittagong Port operation will have adverse impact on the trade volume of the Country and have consequential effect on the business of the Company. However given the importance of Chittagong Port as the gateway for over 90% of the country's containerized export and import cargo we do not foresee the Government allowing such a situation arising  Besides the dependency on Chittagong Port, the project is close to the Bay of Bengal and thereby risking the possibility of being affected by sea driven natural calamities. However the recently constructed protection embankment by the Bangladesh Water Development Board has reduced this risk greatly. Furthermore the same embankment has been earmarked to be part of the Asian Super Highway which should lead to further strengthening of the structure and thereby minimizing any potential risk from sea driven calamities. Finally, all Off-Dock Companies are dependent on renewing permission / clearance from Chittagong Custom House (NBR), Chittagong Port Authority and various other relevant Government Agencies. Delay at any stage can have consequential effect in smooth continuation of the operation.

## Going concern

While approving the financial statements, Directors have made appropriate enquiries and analyzed the significant financial, operating as well as other indicators for enabling them to understand the ability of the company to continue its operations for a foreseeable period. Directors are convinced and have a reasonable expectation that the company has adequate resources to continue its operation consistently for the foreseeable future. Therefore the company adopted the going concern basis in preparing these financial statements

## Corporate Governance

Corporate Governance is the system through which companies are directed, guided and controlled by the Board, keeping in

উহাতে উন্নয়ণ পূর্বক ২,৪৫,০০০.০০ বর্গফুটের ওয়্যার হাউজ এবং ১৯,৫০০.০০ বর্গফুটের "ইমপোর্ট সেড" তৈরী করেছেন। এছাড়াও মূল্যবান গ্রাহক যেমনঃ- কুইন+নাগেল এবং এপিএল বাংলাদেশ (প্রাঃ) লিঃ ও অন্যান্য গ্রাহকদের জন্য বেশকিছু সুযোগ সুবিধার ব্যবস্থা করা হয়েছে।

## ব্যবসায় ঝুঁকি ও অনিশ্চয়তা:

অফ - ডক অপারেশন সম্পুর্ন রূপে চট্টগ্রাম বন্দরের আমদানী - রপ্তানী পন্য হ্যান্ডলিং দক্ষতার উপর নির্ভরশীল যা দেশের আর্ন্তজাতিক ব্যবসা বাণিজ্য থেকে উদ্ভুত হয়। তাই চট্টগ্রাম বন্দরের কোন সমস্যা দেশের ব্যবসার পরিধির উপর বিরূপ প্রভাব পড়ে এবং একই ভাবে তার প্রভাব আমাদের কোম্পানীর উপর চলে আসে। দেশের ৯০% এরও বেশি আমদানী - রপ্তানী পণ্য হ্যান্ডলিং এর গুরুত্ব উপলব্ধি করে সরকার চট্টগ্রাম বন্দরের উপর ক্ষতিকর প্রভাব পড়বে এরুপ বিষয়ের উপর সাবধানী পদক্ষেপ গ্রহণ করবে এমনটি আশা করা যায়। আমাদের প্রকল্পটি চট্টগ্রাম বন্দরের উপর নির্ভরশীল এবং ইহা বঙ্গোপসাগরের খুবই সন্নিকটে যাহা সমুদ্র উদ্ভুত প্রাকৃতিক দুর্যোগের ফলে মারাত্নকভাবে ক্ষতিগ্রস্থ হবার সম্ভাবনা থেকে যায়। তবে আশার কথা এই যে, সাম্প্রতিক সময়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত নতুন বেড়ি বাঁধ এই ঝুকিঁ অনেকাংশে হ্রাস করেছে। অধিকন্তু, এই বাঁধটি, যদি এশিয়ান সুপার হাইওয়ে এর সাথে অর্ন্তভুক্ত করা হয় এতে বাঁধটির কাঠামো আরো সুদৃঢ় হবে যা উল্লেখিত ঝুঁকিগুলো বহুলাংশে হ্রাস করবে। সকল অফ - ডক প্রতিষ্ঠান গুলো লাইসেন্স নবায়ন / অনুমতি সহ বিবিধ কাজের জন্য চট্টগ্রাম কাষ্টমস হাউজ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের উপর নির্ভরশীল। উল্লেখিত কোন একটি প্রতিষ্ঠানের কার্যক্রমে কোন অসম্মতি / গড়িমশি  সৃষ্টি হলে তার জন্য পুরো কাজে বাধা আসতে পারে।

## চলমান ব্যবসা নীতি:

অত্র আর্থিক বিবরণী অনুমোদনের প্রাক্কালে পরিচালকবৃন্দ কোম্পানীর তাৎপর্যপূর্ণ আর্থিক পরিচালন এবং অন্যান্য প্রভাববিস্তারকারী উপাদান সমূহের যথাযথ অনুসন্ধান ও বিশ্লেষণ পূর্বক এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে কোম্পানী তার বর্তমান কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখতে সক্ষম হবে। চলমান ব্যবসা নীতি অনুসরণ করে অত্র বছরের আর্থিক বিবরণী সমূহ প্রস্তুত করা হয়েছে।

## কর্পোরেট গভারনেন্স ঃ

কর্পোরেট গভারনেন্স হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে কোম্পানীর যাবতীয় কার্যাবলী শেয়ার হোল্ডারদের প্রতি জবাবদিহিতার বিষয়টি

view its accountability to the shareholders. Your company strives to maintain full compliance with the laws, rules and regulations that govern the business and to uphold the highest standards.

Since corporate governance is not a static process, we always continue to improve our practices. A separate chapter on corporate governance has been reported before.

### Corporate Social Responsibility

As part of the ongoing commitment to the society and environment in which the Company conducts its business, SAPL remains promise bound to perform its obligation. We shall continue our drive to further promote social and environmental improvements whenever opportunity arises.

### Human Resources Management

Your company recognizes that People are the most important resource and key to the success of any organization. To develop and equip the employees with key skills, the company places great emphasis on the development of its people and hence we strive to send our people to various courses and workshop as well as we also arrange in house workshops for updating knowledge on the respective functional areas.

### Status of Compliance

International Financial Reporting Standards (IFRS) as

বিবেচনায় রেখে পরিচালনা পর্ষদ কর্তৃক কোম্পানীগুলোকে নির্দেশনা, পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা হয়। কোম্পানী তার উপর প্রযোজ্য সকল প্রকার নিয়ম কানুন মেনে চলে এবং সর্বোচ্চ সেবার মান বজায় রেখে প্রতিযোগীতামূলকভাবে ব্যবসা পরিচালনা করছে।

যেহেতু কর্পোরেট গভারনেন্স কোনরূপ স্থির প্রক্রিয়া নয়, সেহেতু সবসময় উক্ত প্রক্রিয়াকে সময় উপযোগী করার চেষ্টা করা হয়। এই বিষয়ে প্রতিবেদনের পূর্ব ভাগে আলাদাভাবে বিশ্লেষণ করা হয়েছে।

### মানব সম্পদ ব্যবস্থাপনা:

অত্র কোম্পানী বিশ্বাস করে যে, মানব সম্পদ সবচেয়ে গুরুত্বপূর্ন সম্পদ এবং যেকোন প্রতিষ্ঠানের জন্য ইহা একটি মূল চাবিকাঠি। কোম্পানীতে নিয়োজিত কর্মীদের দক্ষতা উন্নয়নে কোম্পানী যথেষ্ট গুরুত্ব দিচ্ছে এবং তাদেরকে আমরা বিভিন্ন কোর্স ও ওয়ার্কশপে প্রশিক্ষনের জন্য দেশে-বিদেশে প্রেরনের চেষ্টা করি। এছাড়াও তাদের নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষতা উন্নয়নের জন্য কোম্পানীর অভ্যন্তরেও প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

### আইন কানুন প্রতিপালনের সার্বিক অবস্থা:

এ বিষয়ে সংযুক্তি -১ এ বিস্তারিত বর্ননা করা হয়েছে।

### কর্পোরেট এবং আর্থিক প্রতিবেদন কাঠামো:

দি ইনিস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউন্টেন্টস অব বাংলাদেশ কর্তৃক গৃহীত



adopted by Institute of Chartered Accountants of Bangladesh and other applicable laws and regulations require presenting fairly the financial position of the company and its performance for the period. To adhere to the requirements, the following salient issues have been considered in preparing the financial statements of the Company:–

I. Selection of suitable accounting policies and then applying them consistently
II. Making judgments and estimates that are reasonable and prudent
III. Ensure that the financial statements have been prepared in accordance with Bangladesh Financial Reporting Standards and comply with applicable regulations.
IV. Preparation of financial statements on going concern basis

Apropos SEC Notification dated 20th February 2006, Directors are also pleased to make the following declaration in their Report:

a. The Financial Statement prepared by the management of the Company present fairly its State of Affairs, the result of its Operations, Cash Flows and Changes in Equity.
b. Proper Books of Accounts have been maintained.
c. Appropriate Accounting Policies have been consistently applied in preparation of the Financial Statements and that the Accounting estimates are based on reasonable and prudent judgment.
d. International Financial Reporting Standards (IFRS), as applicable in Bangladesh have been followed in preparation of the Financial Statements.
e. The Company maintains a sound Internal Control System which gives reasonable assurance against any material misstatement of loss. The internal control system is regularly reviewed by the Company's Internal Audit Team.
f. There are no significant doubts upon the Company's ability to continue as a going concern.
g. Significant deviations from the last year's operating results of the Company, if any, have been highlighted herein before in this Report with reasons given as appropriate.
h. Key operating and financial data of immediately preceding three years has been summarized in Annexure-2;

আর্ন্তজাতিক আর্থিক প্রতিবেদন মান (আইএফআরএস) এবং অন্যান্য প্রযোজ্য নিয়মকানুন যা কোম্পানীর একটি নির্দিষ্ট সময়ের কার্যকলাপ এবং আর্থিক অবস্থার উপস্থাপনার জন্য অত্যাবশ্যক। নিম্নোক্ত অত্যাবশ্যকীয় বিষয়গুলো বিবেচনায় রেখে অত্র কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে।

১. উপযুক্ত হিসাব রক্ষণ পলিসি নির্বাচন এবং উহাদের সামঞ্জস্যপূর্নভাবে অনুসরণ।
২. বিচার বিশ্লেষণ ও আনুমানিক হিসাব তৈরীকরণ।
৩. আর্থিক প্রতিবেদন সমূহ বাংলাদেশ ফাইনানসিয়াল রিপোর্টিং ষ্ট্যান্ডার্ড এবং প্রযোজ্য অন্যান্য আইন কানুন অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে।
৪. চলমান ব্যবসা নীতি অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে।

এসইসি এর ২০শে ফেব্রুয়ারী ২০০৬ইং তারিখের আদেশ অনুযায়ী পরিচালকবৃন্দ তাদের প্রতিবেদনে নিম্নে বর্নিত ঘোষণা প্রদান করেন।

ক) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী সমূহে কোম্পানীর কার্যকলাপের অবস্থা, পরিচালনার ফলাফল, নগদ প্রবাহ এবং ইক্যুইটির পরিবর্তন যথাযথভাবে উপস্থাপন করা হয়েছে।
খ) হিসাবের বইপত্র সঠিকভাবে রক্ষনাবেক্ষন করা হয়েছে।
গ) উপযুক্ত হিসাব রক্ষণ পলিসি নির্ধারণ ও আর্থিক বিবরণী প্রস্তুতে উহাদের যথাযথ ও অবিরতভাবে প্রয়োগ করা হয়েছে।
ঘ) আর্থিক বিবরণী সমূহ প্রস্তুতের সময় বাংলাদেশে প্রযোজ্য আইএফআরএস সমূহ যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।
ঙ) কোম্পানী অভ্যন্তরে নিজস্ব অডিট টিমের মাধ্যমে শক্তিশালী আভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু রয়েছে যাতে কোম্পানীর কোনরুপ আর্থিক অপচয় না হয়। নিয়ন্ত্রণ ব্যবস্থা সমূহ উন্নয়নের লক্ষ্যে অডিট টিমের মাধ্যমে নিয়মিত রিভিউ করা হয়।
চ) কোম্পানীর বর্তমান ব্যবসা ভবিষ্যতেও চালিয়ে যাওয়ার ব্যাপারে কোনরুপ সন্দেহ নাই।
ছ) পূর্ববর্তী বছরের ফলাফলের সাথে বর্তমান বছরের ফলাফলের মধ্যে তাৎপর্যপূর্ণ পার্থক্য সমূহ যথাযথভাবে প্রদর্শন করা হয়েছে।
জ) কোম্পানীর বিগত তিন বছরের মূল অপারেটিং এবং আর্থিক তথ্য সমূহ সংযুক্তি-২ এ বর্ণনা করা হয়েছে।
ঝ) এই প্রতিবেদনে পরিকল্পনা ও সিদ্ধান্ত যেমন কর্পোরেট রিষ্ট্রাকচারিং, ব্যবসা সম্প্রসারণ ও কার্যক্রম স্থগিতকরণ,


MISC

i. Significant plans and decisions, such as corporate restructuring, business expansion and discontinuance of operations as appropriate, future prospects, risks and uncertainties surrounding the company has been outlined under the related captions of this report;

j. The number of Board meetings held during the year and attendance by each director has been disclosed;

k. The pattern of shareholding has been reported to disclose the aggregate number of shares in Annexure-3.

## Acknowledgement

The trust and confidence that our valued customers bestow in us is our main driving force. We accept this trust in all humility and shall continue to strive to live up to the expectations. Board expresses its heartfelt thanks and gratitude to all the stakeholders including Investors, Clients, Suppliers, Banks & Financial Institutions, Insurance Companies, Service Providers, the Securities & Exchange Commission, Registrar of Joint Stock Companies & Firms, Central Depository of Bangladesh Limited, Dhaka/ Chittagong Stock Exchanges, various Government Authorities and agencies as well as Individuals who have helped us achieve what we are today.

Your Directors would like to put on record its deep appreciation of the efforts made by the employees of the Company. Their commitment and passion, both individually and through teamwork, have helped achieve SAPL that it is today. The Board also recognizes and appreciates the critical support provided by the families of the employees which enables them to focus on their work in SAPL.

We look forward to seeing you at our 08th Annual General Meeting.

On behalf of the Board of Directors,

Syed Ali Jowher Rizvi
Managing Director

ভবিষ্যত প্রত্যাশা, ঝুকিঁ ও অনিশ্চয়তা এসব সর্ম্পকে আলাদাভাবে প্রতিবেদন দেওয়া হয়েছে।

ঞ) আলোচ্য অর্থ বছরে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভার সংখ্যা ও উহাতে প্রত্যেক পরিচালকের উপস্থিতির বিবরণ দেয়া হয়েছে।

ট) শেয়ার হোল্ডিংস সংক্রান্ত বিবৃতি সংযুক্তি-৩ এ দেয়া হয়েছে।

## স্বীকারোক্তিঃ

অত্র কোম্পানীর মূল্যবাণ গ্রাহকগণ আমাদের উপর আস্থা ও বিশ্বাস স্থাপন করেছেন যা আমাদের কর্মশক্তি। এই অবস্থাকে আমরা পরম শ্রদ্ধার সাথে গ্রহণ করছি এবং তাদের প্রত্যাশা অনুযায়ী প্রচেষ্টা চালিয়ে যাবো। পরিচালনা পর্ষদ অন্তরের অন্তস্থল থেকে সকল ষ্টেক হোল্ডার যথা বিনিয়োগকারী গ্রাহক, সরবরাহকারী, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ইন্সুরেন্স কোম্পানী, সেবা প্রদানকারী, এসইসি, রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, সিডিবিএল, সিএসই, ডিএসই ও বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান এর নিকট কৃতজ্ঞতা জানাচ্ছে। যাদের সর্বাত্নক সাহায্য সহযোগীতায় আজ আমরা এতদূর এগিয়ে এসেছি।

আপনাদের পরিচালকগণ প্রতিষ্ঠানের কর্মচারীদের অবদানের কথা অত্যন্ত প্রশংসার সাথে স্মরণ করছে। তাদের ব্যক্তিগত ও যৌথ অবদান কোম্পানীকে বর্তমান অবস্থানে আনতে সহায়তা করেছে। পরিচালনা পর্ষদ কোম্পানীর কর্মকর্তা - কর্মচারীদের পরিবারবর্গের আন্তরিক সাপোর্টের কথাও স্বীকার করছে যার ফলে কর্মকর্তা-কর্মচারীগণ তাদের দায়িত্ব পালনে সক্ষম হচ্ছেন।

আমরা আশা করছি অনুষ্ঠিতব্য আগামী ৮তম বার্ষিক সাধারন সভায় যোগদান করে সভাকে সাফল্যমন্ডিত করবেন।

পরিচালনা পর্ষদের পক্ষে

সৈয়দ আলী জওহর রিজভী
ব্যবস্থাপনা পরিচালক